

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধক্ষের কার্যালয়  
রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ১১/১১/২০২৪ খ্রি.

**২০২২ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি (সংশোধিত)**

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২২ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার ফরম পূরণ করতে ইচ্ছুক পরীক্ষার্থীকে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণপূর্বক ফরম পূরণ সম্পন্ন করার জন্য নির্দেশ দেয়া গেল। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (<https://nubd.info/formfillup>) এ প্রবেশ করে রেজিস্ট্রেশন নম্বর এন্ট্রি দিয়ে Submit বাটনে ক্লিক করে লগইন করতে হবে। এরপর Form fillup ম্যানু থেকে Apply Now গিয়ে বিষয় কোডসহ চাহিত তথ্যাদি এন্ট্রি দিয়ে প্রিন্টকপি সংগ্রহ করতে হবে এবং প্রিন্ট করার পর ফরমের যথাছানে ছবি আইকা গাম দিয়ে লাগিয়ে নিজ স্বাক্ষর দিতে হবে।

**শর্তাবলী:**

- সকল প্রকারের পরীক্ষার্থীর অনলাইনে আবেদন ফরম পূরণ/সংগ্রহ : ১০/১১/২০২৪ হতে ২০/১১/২০২৪ খ্রি.
- ফরমের প্রিন্টকপি, PaySlip ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি সংশ্লিষ্ট বিভাগে জমাদান : ১৮/১১/২০২৪ হতে ২০/১১/২০২৪ খ্রি.
- ফি জমাদানের পদ্ধতি:
  - শিক্ষার্থীকে ১০/১১/২০২৪ হতে ২০/১১/২০২৪ খ্রি. তারিখের মধ্যে নিম্নোক্ত User Name এবং Password ব্যবহার করে ওয়েবসাইট: <https://rangamaticollege.eshiksaems.com> -এ Login করে নির্ধারিত ফি জমা দিতে পারবে-  
**User Name: rangamatistudent** এবং **Password: rangamatistudent**
  - Education Management System এর Pay through Sonali Pay অপশনে গিয়ে Session -এ ২০২১-২০২২, Class Roll/Admission Roll -এ রেজিস্ট্রেশন নম্বর এন্ট্রি দিয়ে Connect Sonali Pay ক্লিক করতে হবে।
  - Sonali Payment Gateway ব্যবহার করে যে কোনো মাধ্যমে নির্ধারিত ফি পরিশোধ প্রক্রিয়া সম্পন্ন করতে পারবে।
  - তারপর Receipts Print ক্লিক করার পর Registration No এন্ট্রি দিয়ে Payslip ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।
- অংশগ্রহণের যোগ্যতা:
  - নিয়মিত: ২০২১-২০২২ শিক্ষাবর্ষের নিয়মিত এবং ২০২২ শিক্ষাবর্ষে প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।
  - অনিয়মিত: (ক) ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০২০ ও ২০২১ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে নি তারা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সকল পত্র/কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
  - (খ) ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০২০ ও ২০২১ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক পত্রে "F" গ্রেড পেয়ে অকৃতকার্য হয়েছে তারা এ পরীক্ষায় শুধুমাত্র "F" গ্রেড প্রাপ্ত কোর্সে অংশগ্রহণ করবে।
  - (গ) ২০২১ সালের পূর্বে কোন পরীক্ষায় অংশগ্রহণ করে নি এবং ২০২১ সালের পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে যেসব শিক্ষার্থী এক বা একাধিক পত্রে "F" গ্রেড পেয়েছে তারা রেজিস্ট্রেশন মেয়াদ থাকা সাপেক্ষে এ পরীক্ষায় "F" গ্রেড প্রাপ্ত কোর্সে অংশগ্রহণ করবে এবং একই সাথে C ও D গ্রেড প্রাপ্ত কোর্সে মানউন্নয়ন পরীক্ষা দিতে পারবে। তবে এসব পরীক্ষার্থী উত্তীর্ণ হলে পরবর্তীতে মানউন্নয়ন/গ্রেডউন্নয়নের সুযোগ পাবে না।
  - (ঘ) ২০২১ সালের পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে যারা CGPA- ২.৫ বা এর কম পেয়ে উত্তীর্ণ হয়েছে তারা শুধুমাত্র C ও D গ্রেড প্রাপ্ত কোর্সে (সর্বোচ্চ ২টি পত্রে) মানউন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। উল্লেখ্য যে, ইনকোর্স/টার্মপেপার/মৌখিক পরীক্ষার পূর্বের নম্বর বহাল থাকবে।
- ফি এর বিবরণ:

বিভাগের নাম	প্রকার	জাতীয় বিশ্ববিদ্যালয় অংশ		কলেজ অংশ					সর্বমোট
		পরীক্ষার ফি	অন্তর্ভুক্তি ফি	কেন্দ্র	ব্যবস্থাপনা	টার্মপেপার	ব্যবহারিক	মৌখিক	
এমএ/এমএসএ/এমবিএ	নিয়মিত/অনিয়মিত	৩০০০/-	--	৪৫০/-	৫০/-	১৫০/-	--	--	৩,৬৫০/-
	অকৃতকার্য	২,২০০/-	--	৪৫০/-	৫০/-	--	--	--	২,৭০০/-
	প্রাইভেট	২৯০০/-	--	৪৫০/-	৫০/-	--	--	৭৫/-	৩,৪৭৫/-
	সিঁজিপিএ উন্নয়ন.	১পত্র- ২৫০/-	৩০০/-	৪৫০/-	৫০/-	--	--	--	১,০৫০/-
এমএসসি	নিয়মিত/অনিয়মিত	৩১৫০/-	--	৪৫০/-	৫০/-	--	২০০/-	--	৩,৮৫০/-
	অকৃতকার্য	২৩৫০/-	--	৪৫০/-	৫০/-	--	--	--	২,৮৫০/-
মৌখিক/ব্যবহারিক/টার্মপেপার		১,০০০/-	--	৪৫০/-	৫০/-	--	--	--	১,৫০০/-

(প্রফেসর জাহেদা সুলতানা)  
অধ্যক্ষ  
রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

**বিতরণ:**

- উপাধ্যক্ষ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- সম্পাদক, শিক্ষক পরিষদ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- বিভাগীয় প্রধান ..... (সকল বিভাগ), রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- হিসাব সহকারী, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ডাটা এন্ট্রি অপারেটর, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি। তাঁকে বিজ্ঞপ্তি কলেজের ওয়েবসাইটে আপলোড করতে নির্দেশ দেয়া গেল;
- সংরক্ষণ নথি।